



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. General Part-II Examinations, 2018

বাংলা-সাধারণ

তৃতীয় পত্র

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রান্তর সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। “কবির কেকারব সেই বর্ষার গান - কান তাহার মাথুর্ষ জানে না, মনই জানে।” — ‘কেকাধ্বনি’ প্রবন্ধ অবলম্বনে বক্তব্যটি বুঝিয়ে দাও। ১৫
- অথবা
- “এইরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক্ মিলনের বাধা ঘটতেছে বলিরাই আজ যত কিছু উৎপাত জাগিয়া উঠিতেছে। কাছে থাকিব অথচ মিলিব না, এ অবস্থা মানুষের পক্ষে অসহ্য এবং অনিষ্টকর।” — কোন্ প্রবন্ধের অংশ? কীরূপে পূর্ব ও পশ্চিমের সম্যক্ মিলনের বাধা ঘটছে বলে প্রবন্ধকার মনে করেছেন? এই সম্মিলনের সার্থকতা কোথায় বলে লেখক নির্দেশ করেছেন? ১+৭
+৭=১৫
- ২। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১ = ৫
- (ক) “ইম্পিরিয়ালিজম হচ্ছে অজগর সাপের ঐক্যনীতি; গিলে খাওয়ারকেই সে এক-করা বলে প্রচার করে।” — ‘ইম্পিরিয়ালিজম’ এবং ‘অজগর সাপের’ সাদৃশ্য কোথায় এবং কীভাবে? ৫
- (খ) “সেই প্রাচীন ভারতখণ্ডটুকুর নদীগিরিনগরীর নামগুলিই বা কী সুন্দর।” — কোন্ প্রবন্ধ থেকে এটি গৃহিত হয়েছে? প্রাচীন ভারতখণ্ডের নদী, গিরি ও নগরীর নামগুলি উল্লেখ করো। ১+৪=৫
- (গ) “মত্ত দাদুরী, ডাকে ডাছকী
ফাটি যাওত ছাতিয়া।” ১+১+১
+২=৫
- কোন্ প্রবন্ধের অংশ? কোন্ পর্যায়ের পদ? কার লেখা পদ? পদটির মাধ্যমে কি বোঝাতে চাওয়া হয়েছে?
- ৩। ‘কপালকুণ্ডলা’ কোন্ শ্রেণীর উপন্যাস — তা যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ১৫
- অথবা
- কপালকুণ্ডলা ও মতিবিবির চারিত্রিক বৈপরীত্য ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে যে বৈচিত্র্য সঞ্চয় করেছে, তা নিজস্ব ভাষায় বুঝিয়ে দাও। ১৫
- ৪। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও: ৫×১ = ৫
- (ক) “পরশপাথরের স্পর্শে রাক্ষও সোনা হয়।” — বক্তা কে? পরশপাথর কী? উক্তিটির অন্তর্নিহিত অর্থ বুঝিয়ে দাও। ১+২+২=৫
- অথবা
- (খ) “পরের কাষ্ঠাহরণ করা যাহার স্বভাব, সে পুনর্ব্বার পায়ের কাষ্ঠাহরণে যাইবে। তুমি অধম - তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?” — এখানে কার স্বভাবের কথা বলা হয়েছে? শেষোক্ত উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪=৫

- ৫। “রমা ও রমেশের প্রেম-ই এই উপন্যাসের সর্বাপেক্ষা জটিল ও দুরধিগম্য বিষয়।” — ১৫
শরৎচন্দ্রের ‘পল্লীসমাজ’ উপন্যাস অবলম্বনে এই উক্তিটির মূল্যায়ন করো।
অথবা
“পল্লীসমাজ’ উপন্যাসের বেণী ঘোষাল, গোবিন্দ গাঙ্গুলী, ধর্মদাস চরিত্র তিনটির বিচার করো। ১৫
- ৬। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
(ক) “না, অত টাকা লোকসান আমি করতে পারব না।” — কে, কাকে একথা বলেছে ? বক্তার ১+১+৩=৫
মানসিকতার পরিচয় দাও।
অথবা
(খ) “কৈ গো, বাবাজী কোথায় গো ? বলিয়া একটি শীর্ণকায় মুণ্ডিতশরীরে প্রাচীন ব্রাহ্মণ প্রবেশ ১+১+৩=৫
করিল।” — ‘বাবাজী’ বলতে কাকে বোঝানো হয়েছে ? শীর্ণকায় ব্রাহ্মণটি কে এবং তাঁর প্রবেশের
কারণ কী ?
- ৭। ‘রাজা ও রানী’ নাটকের সমাপ্তি কতখানি শিল্পসম্মত হয়েছে, সমগ্র নাটকটির পরিপ্রেক্ষিতে তা ১৫
নিরূপণ করো।
অথবা
‘রাজা ও রানী’ নাটকে কুমার - ইলার উপকাহিনীর প্রয়োজনীয়তা বিচার করো। ১৫
- ৮। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
(ক) “পলাতক অরাতিরে আক্রমণ করা ১+১+১
নহে ক্ষত্রধর্ম।” ১+২=৫
— কার প্রতি কার উক্তি ? ‘অরাতি’ শব্দের অর্থ কী ? উক্তিটির প্রসঙ্গ সূত্রটি নির্দেশ করো।
অথবা
(খ) “হেসো না ঠাকুর। ছি ছি, শোকের সময়ে ৩+২=৫
হাসি অকল্যাণ।” —
কে কোন প্রসঙ্গে এই উক্তি করেছে ? এই শোকের কারণ কী ?
- ৯। “ব্রজরানীর চোখ দিয়া ঝর ঝর করিয়া জল ঝরিয়া পড়িল। করুণায় মমতায় সে যেন দেবীই হইয়া ১৫
উঠিয়াছে।”
— এই মন্তব্যের আলোয় ব্রজরানী চরিত্রের উদ্ভাসিত মহিমার দিকটি বিশ্লেষণ করো।
অথবা
নরেন্দ্রনাথ মিত্রের ‘চড়াই-উৎরাই’ গল্পটি বিশ্লেষণ করে এর নামকরণ কতদূর যথার্থ হয়েছে — ১৫
আলোচনা করো।
- ১০। নিম্নলিখিত যে-কোনো একটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ ৫×১ = ৫
(ক) “খালি জন্মো দিলেই বাপ হয় না, অন্ন দিলেও হয়।” ২+৩=৫
— কোন্ প্রসঙ্গে কার উক্তি ? উক্তিটিতে বক্তার কিরূপ মানসিকতার প্রকাশ ঘটেছে ?
(খ) “ক্ষমিতিকে কি অপরে ঠিক বুঝিবে ?” ২+৩=৫
— প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো।
(গ) “একসেলেন্ট আইডিয়া! বহুত আচ্ছা ব্রাদার আমার রো!” ১+১+১
— কে কাকে এই কথাটি বলেছিল ? বক্তার ‘আইডিয়া’টি কী ছিল ? সেই ‘আইডিয়া’-র ১+২=৫
পরিণতিটি কী হয় ?